কৃষিব্যবসা ও উন্নয়ন শিক্ষা ইনস্টিটিউট (IADS)
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
এপ্রিল-সেপ্টেম্বর/২০২৫ (Summer Semester) সিমেস্টারে
**MBA in Agribusiness কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যায়ের আওতাধীন কৃষিব্যবসা ও উন্নয়ন শিক্ষা ইনস্টিটিউট (IADS) এ **এপ্রিল-সেপ্টেম্বর/২০২৫ (Summer Semester)** সিমেস্টারে পূর্ণকালীন **MBA in Agribusiness** কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদান করা হলো ঃ

| |
|---|
| ডিগ্রী: MBA in Agribusiness |
| **সময়কাল: দুই বছর (থিসিস সিমেস্টারসহ চার সিমেস্টার)** |
| ক্রেডিট: ৬৪ |

আবেদনের যোগ্যতাঃ

১. প্রার্থীদেরকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি বিজ্ঞানে (যেমন: এগ্রিকালচার, এগ্রিকালচারাল ইকোনমিক্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, ভেটেরিনারি সাইন্স, এনিমেল হাজবেন্ড্রি, ফিসারিজ, ফুড টেকনলজি, ফুড সেফটি ম্যানেজমেন্ট, বায়ো-ইনফরম্যাটিক্স ইঞ্জিনিয়ারিং) চার (৪) বছর মেয়াদী অনার্স ডিগ্রি থাকতে হবে। অথবা,
প্রার্থীদেরকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে নিম্নোক্ত বিষয়ে চার (৪) বছর মেয়াদী বিবিএ/ অনার্স ডিগ্রি থাকতে হবে: বিবিএ, বিজনেস স্টাডিজ, ফাইন্যান্স, একাউন্টিং, মার্কেটিং, ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, ব্যাংকিং এন্ড ইনস্যুরেন্স, হিউমেন রিসোর্স ম্যানেজমেন্ট, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ইকোনমিক্স, এনভাইরনমেন্টাল ইকোনমিক্স, জিওগ্রাফি, জুওলজি (প্রাণিবিদ্যা), বোটানি, ইঞ্জিনিয়ারিং, স্ট্যাটিসটিক্স।

২. ক্রেডিট কোর্স পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদেরকে সিজিপিএ ৪.০০ এর মধ্যে কমপক্ষে ২.৫০ অথবা ৫.০০ এর মধ্যে কমপক্ষে ৩.৫০ অথবা এনোয়াল সিস্টেম এ ৫০% মার্কস থাকতে হবে।

আবেদন প্রক্রিয়া ও আবেদন ফি প্রদান ঃ

৩. **২৫ মার্চ ২০২৫ থেকে ২৪ এপ্রিল ২০২৫ এর মধ্যে অনলাইনে** (https://bau.edu.bd/iads_mba/form) আবেদন করে আবেদন ফি প্রদান করতে হবে।

৪. আবেদন ফি ৫০০.০০ (পাঁচশত) টাকা মাত্র। আবেদন সম্পন্নের পর আবেদনের সময় প্রদত্ত ই-মেইলে পিন ও পাসওয়ার্ড প্রদান করা হবে। অনলাইনে আবেদনের প্রোফাইলে প্রাপ্ত পিন ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করার পর Pay Now বাটনে ক্লিক করে Sonali Payment Gateway দিয়ে Sonali Bank (Account, e-Wallet), Card (Visa, Master, Nexus), Mobile Banking (Nagad, bKash, Rocket, Upay, Cellfin, Tap, OKwallet, MeghnaPay, TeleCash, Islamic Wallet), Internet Banking (South East, Meghna, MTB, Citytouch) এর মাধ্যমে আবেদন ফি প্রদান করা যাবে।

৫. আবেদনের সময় নিম্নবর্ণিত ডকুমেন্ট সমূহ আপলোড করতে হবে। প্রত্যেকটি ডকুমেন্ট হবে সর্বোচ্চ 2MB এর PDF ফরম্যাট। কোন ডকুমেন্ট একাধিক পৃষ্ঠার হলে সবগুলো পৃষ্ঠাকে একটি PDF ফাইলে রুপান্তর করে আপলোড করতে হবে।
ক) ব্যাচেলর ডিগ্রীর সকল মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মাইগ্রেশন সার্টিফিকেট (অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে) এবং সাম্প্রতিক তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজ ছবি।
খ) চাকুরীরত প্রার্থীদেরকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট থেকে "অধ্যয়নকালীন সময়কাল অর্থাৎ ২৪ মাসের ছুটি প্রদান করা হবে"- এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশের কপি। ভর্তির তারিখ হতে তিন মাসের মধ্যে ছুটির চূড়ান্ত কাগজ শিক্ষা বিষয়ক শাখায় জমা না দিলে, ভর্তি আপনা-আপনি (Automatically stand cancelled) বাতিল বলে গণ্য হবে।

অন্যান্য তথ্যাদি ঃ

৬. ইনস্টিটিউটের একাডেমিক কমিটির সভার মাধ্যমে-
ক) একাডেমিক কমিটির সুপারিশক্রমে এবং ইকুভ্যালেন্ট কমিটির অনুমোদনক্রমে কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীগণ ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। পরিচালক অনলাইন প্যানেলে আবেদনটিতে Approval দিবেন অথবা আবেদনটি Reject করবেন। আবেদনকারী আবেদনের সময় প্রোফাইলে প্রাপ্ত পিন ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করার মাধ্যমে তার আবেদনের অবস্থান সনাক্ত করতে পারবে।
খ) ভর্তি পরীক্ষা নৈর্ব্যক্তিক (Communication, Mathematics & Analytical Ability) এবং রচনামূলক (Essay writing & Interpretation skill) এই দুই ভাগে বিভক্ত থাকবে।

গুরুত্বপূর্ণ তারিখ ঃ

| | |
|---|---|
| আবেদনপত্র সংগ্রহ ও জমাদান | **২৫ মার্চ ২০২৫ - ২৪ এপ্রিল ২০২৫** |
| ভর্তি পরীক্ষা | **২৯ এপ্রিল ২০২৫** |
| ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ | **৩০ এপ্রিল ২০২৫** |

৭. নির্বাচিত প্রার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্নের জন্য নিম্নবর্ণিত ধাপসমূহ অনুসরণ করা হবে।

| দায়িত্বপ্রাপ্ত | করণীয় | তারিখ |
|---|---|---|
| পরিচালক | একাডেমিক কমিটির সভার মাধ্যমে সুপারভাইজার নির্ধারণ করত ঃ তালিকাটি অনলাইন প্যানেলে আপডেট করা | ০৪ মে থেকে ০৫ মে ২০২৫ এর মধ্যে |
| সুপারভাইজার | প্রার্থীকে সুপারভাইজ করার বিষয়ে অনলাইন প্যানেলে সম্মতি/অসম্মতি প্রদান | ০৭ মে থেকে ০৮ মে ২০২৫ এর মধ্যে |
| প্রক্টর | প্রার্থীদের জন্য অনলাইন প্যানেলে আবাসিক হল নির্ধারণ | |
| প্রভোস্ট | প্রার্থীর হল Attachment বিষয়ে অনলাইন প্যানেলে সম্মতি/অসম্মতি প্রদান | |
| কো-অর্ডিনেটর | আবেদনসমূহ ভর্তির জন্য সম্মতি/অসম্মতি প্রদান করা | ১২ মে ২০২৫ এর মধ্যে |
| রেজিস্ট্রার | ভর্তির জন্য সম্মতি প্রদান | ১৩ মে ২০২৫ এর মধ্যে |

ভর্তি ফি প্রদান ঃ

৮. রেজিস্ট্রার ভর্তির জন্য সম্মতি প্রদান করার সাথে সাথে ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রী ভর্তি ফি প্রদান সংক্রান্ত মেইল পাবে। মেইল পাওয়ার পর ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীদেরকে নিম্নবর্ণিত তারিখের মধ্যে ক্রমিক নং ৪ এ উল্লেখিত পদ্ধতি অনুসরন করে ভর্তি ও আনুষাঙ্গিক ফি অনলাইনে প্রদান করে ভর্তি নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ফি প্রদান না করলে আবেদনটি বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। মোট ফি-র সাথে ব্যাংক/মোবাইল ব্যাংকিং চার্জ স্বয়ংক্রিয়ভাবে যুক্ত হবে।

| ক্যাটাগরি | ভর্তি ও আনুষাঙ্গিক ফি | রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি | মোট | তারিখ |
|---|---|---|---|---|
| এই বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য প্রার্থী | ১৮,৮৬০/- | - | ১৮,৮৬০/- | ১৪ মে থেকে ২১ মে ২০২৫ |
| অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য প্রার্থী | ১৮,৮৬০/- | ৪০০/- | ১৯,২৬০/- | |

৯. ছাত্র-ছাত্রীদেরকে ওয়েবসাইট থেকে মেডিক্যাল ফরম ডাউনলোড করে ক্লাশ শুরুর পর থেকে ৭ (সাত) দিনের মধ্যে হেল্থ কেয়ার সেন্টার, বাকৃবি-তে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে মেডিক্যাল ফরমটি শিক্ষা বিষয়ক শাখায় জমা দিতে হবে।

১০. অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে আগত ছাত্র-ছাত্রীরা ক্লাশ শুরুর পর থেকে ৭ (সাত) দিনের মধ্যে ব্যাচেলর ডিগ্রীর সকল মার্কশীট/ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট পরিচালকের নিকট জমা দিবে। পরিচালক আবেদনের সময় অনলাইনে আপলোডকৃত মার্কশীট/ট্রান্সক্রিপ্ট এর সাথে মূল মার্কশীট/ট্রান্সক্রিপ্ট মিলিয়ে দেখে মূল কপি ছাত্র-ছাত্রীদেরকে ফেরত দেবেন। পরিচালক কোন গড়মিল পেলে উক্ত ছাত্র-ছাত্রীর নাম ভর্তি বাতিলের জন্য শিক্ষা বিষয়ক শাখায় প্রেরণ করবেন।

১১. ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ ২৫ মে ২০২৫ তারিখ থেকে শুরু হবে।

স্বাক্ষর/-

SHaque
23.03.2025

প্রফেসর ড. ছাদেকা হক
পরিচালক, আইএডিএস